



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

নিয়োগ বিজ্ঞপ্তি নং-০২/২০১৭

নথি নং-১৮.৭০৭.০১১.০৫.০১.০৫৩.২০১২/৬৬৫

তারিখঃ-২০/০৩/২০১৭ইং।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের নিম্নবর্ণিত পদ সমূহে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের পার্শ্বে বর্ণিত বেতনক্রম অনুযায়ী নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে কর্তৃপক্ষের নির্ধারিত ফর্মে দরখাস্ত আহবান করা যাইতেছে :


ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	বয়স সীমা	শূণ্য পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
১।	সহকারী প্রকৌশলী (পুর)	২২০০০- ৫৩০৬০/-	২১-৩০ বৎসর	০৩	পুর-কৌশল অথবা পানি সম্পদ এ স্নাতক প্রকৌশলী অথবা একই বিষয়ে এ, এম, আই, ই হইতে সার্টিফিকেট।	
২	উপ-সহকারী প্রকৌশলী (পুর)	১৬০০০- ৩৮৬৪০/-	২১-৩৫ বৎসর	০৫	অনুমোদিত প্রতিষ্ঠান হইতে পুর-কৌশলে ডিপ্লোমাদারী হইতে হইবে।	

প্রার্থীদের-কে নিম্ন বর্ণিত তথ্যাদিসহ সচিব, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে সম্বোধন পূর্বক আবেদন করিতে হইবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার এ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ) লিখতে হবে; সচিব শব্দটি কোন ভাবেই লেখা যাবেনা।

১। পদের নাম ২। বিজ্ঞপ্তির নম্বর ৩। প্রার্থীর নাম (ক) বাংলায় (খ) ইংরেজিতে(বড় অক্ষরে) ৪। জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর ৫। জন্ম তারিখ ৬। জন্মস্থান/জেলা ৭। ১৬/০৩/২০১৭ তারিখে প্রার্থীর বয়স ৮। মাতার নাম ৯। পিতার নাম ১০। বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা ১১। যোগাযোগ মোবাইল/টেলিফোন নম্বর/ই-মেইল নম্বর(যদি থাকে) ১২। জাতীয়তা ১৩। জেডার ১৪। ধর্ম ১৫। পেশা ১৬। শিক্ষাগত যোগ্যতা ১৭। অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ১৮। অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ১৯। কোটা(টিক দিন) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী /আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য/অন্যান্য(উল্লেখ করুন) ২০। ব্যাংক ড্রাফট/পোস্টাল অর্ডার/পে-অর্ডার নম্বর, তারিখ/ব্যাংক ও শাখার নাম ২১। বিভাগীয় প্রার্থী কি না; হ্যাঁ/না/প্রযোজ্য নয় (ক্রমিক অনুযায়ী প্রত্যেকটা তথ্য প্রদান করা বাধ্যতামূলক)।

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে এবং আবেদন পত্র সম্পূর্ণ বাংলায় লিখিতে হইবে। বর্ণিত পদের জন্য বিআইডব্লিউটিএ এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পোস্টাল অর্ডার/পে-অর্ডার সহ আগামী ১৬/০৪/২০১৭ইং তারিখ ১৭০০ ঘটিকার মধ্যে সচিব, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল, বা/এ (৬ষ্ঠ তলা), ঢাকা-১০০০ বরাবরে আবেদন পত্র পৌছাইতে হইবে। অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র বিবেচনা করা হইবে না।
- খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করিতে হইবে। স্বাক্ষর বিহীন ও অস্পষ্ট আবেদন পত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদন পত্রের সহিত সদ্য তোলা পাসপোর্ট সাইজের (ফ্রন্ট ভিউ) ৩ কপি সত্যায়িত ছবি(পার্শ্ব ছবি গ্রহণ যোগ্য হইবে না) ব্যাংক ড্রাফট/পোস্টাল অর্ডার/পে-অর্ডার এবং ৭ টাকা মূল্যমানের ডাক টিকেট যুক্ত প্রার্থীর ঠিকানা সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে। আবেদন পত্রের সাথে কোন সনদপত্র সংযোজনের প্রয়োজন নাই। প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের এক সেট সত্যায়িত ফটোকপি সহ মূল কপি সঙ্গে আনিতে হইবে।
- গ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে এবং মৌখিক পরীক্ষার সময় নিজ নিজ প্রতিষ্ঠানের অন্যপক্ষি সনদের মূল কপি অবশ্যই দাখিল করিতে হইবে।
- ঘ) যে সকল পদে সাধারণ প্রার্থীদের বয়সসীমা সর্বোচ্চ ৩০ বৎসর উক্ত পদ সমূহের জন্য মুক্তিযোদ্ধা প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী হলে প্রার্থীকে তার পিতা/মাতা/দাদা-দাদি/নানা-নানীর মুক্তিযোদ্ধা প্রমাণের জন্য মুক্তিযোদ্ধা সনদ পত্রের সত্যায়িত অনুলিপি ও গেজেটের সংশ্লিষ্টাংশের সত্যায়িত ফটোকপি, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখ পূর্বক ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র/উপযুক্ত সনদ সহ পিতা/মাতার জাতীয় পরিচয় পত্রের কপি ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করিয়া মৌখিক পরীক্ষার সময় দাখিল করিতে হইবে।
- ঙ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য (শুধু মাত্র বিআইডব্লিউটিএ'তে কর্মরতদের ক্ষেত্রে প্রযোজ্য)।
- চ) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডি এ প্রদান করা হইবে না।
- ছ) নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- জ) যথাযথ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদনপত্র বাতিল করিবার ক্ষমতা রাখে।
- ঝ) আবেদন ফর্ম বিআইডব্লিউটিএ-এর ওয়েব সাইট www.biwta.gov.bd.job থেকে সংগ্রহ করে A4 সাইজ কাগজে আবেদন করিতে হইবে।


(জুলফা খানাম)
যুগ্ম-পরিচালক(সংস্থাপন)
বিআইডব্লিউটিএ